



বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

ই-১২/এ, আগারগাঁও, ডাক বাস্তু নং-২৪০, ঢাকা-১২০৭

ফোন নং - +৮৮০-২-৮১৮১০৩৭

ফ্যাক্স নং - +৮৮০-২-৮১৮১০১৫

ই-মেইল: info@baera.gov.bd

ওয়েবসাইট : www.baera.gov.bd

আমদানি-রপ্তানি পারমিট গ্রহণের সাধারণ নিয়মাবলী

- ১। আয়নায়নকারী বিকিরণ উৎস/বিকিরণ উৎপাদনকারী যন্ত্রপাতি আমদানি/রপ্তানীর ক্ষেত্রে পারমিটের জন্য আবেদন করার পূর্বে অবশ্যই আবেদনকারী প্রতিষ্ঠানকে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ হতে বৈধ আমদানি/রপ্তানী (ঙ-শ্রেণীর) লাইসেন্স গ্রহণ করতে হবে।
- ২। পারমিটের আবেদন করার জন্য প্রতিবার ২০/= (বিশ) টাকার বিনিময়ে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (বাপশনিক) এর নীচ তলায় অভ্যর্থনা হতে নির্ধারিত আবেদন ফরম সংগ্রহ করে যথাযথভাবে পূরণ করতে হবে।
- ৩। (ক) পারমিট ফি বাবদ উল্লেখিত সি এন্ড এফ মূল্যের ২% হারে প্রদান করতে হবে।
(খ) প্রদানকৃত ফি এর উপর ১৫% হারে ভ্যাট বাবদ অতিরিক্ত টাকা প্রদান করতে হবে।
(গ) ফি এবং ভ্যাট বাবদ প্রদত্ত সমস্ত টাকা একত্রে যে কোন ব্যাংক থেকে "বাপশনিক রেগুলেটরি ফি" শিরোনামে পে-অর্ডার/ডি ডি এর মাধ্যমে প্রদান করতে হবে।
- ৪। পূরণকৃত ফরমের সাথে নিম্নলিখিত কাগজপত্র/তথ্যাদি অবশ্যই দাখিল করতে হবেঃ
(ক) রপ্তানীকারক প্রতিষ্ঠান কর্তৃক সরবরাহকৃত যথাযথভাবে স্বাক্ষরিত এবং সীলমোহরকৃত ইনভয়েস-এর কপি
(খ) আমদানিতব্য আয়নায়নকারী বিকিরণ উৎস/বিকিরণ উৎপাদনকারী যন্ত্রপাতি অবশ্যই একটি একক ইনভয়েস-এ উল্লেখ থাকতে হবে অন্যথায আমদানিতব্য আয়নায়নকারী বিকিরণ উৎস/বিকিরণ উৎপাদনকারী যন্ত্রপাতির সহিত আনুসঙ্গিক কোন যন্ত্রপাতি এক সঙ্গে একটি ইনভয়েস-এ উল্লেখিত থাকলে উক্ত ইনভয়েস কে একক ইনভয়েস হিসাব গণ্য করা হবে এবং উক্ত ইনভয়েস-এর সর্বমোট 'সি এন্ড এফ' মূল্যের উপর ২% হারে পারমিট ফি প্রদান করতে হবে।
(গ) মুদ্রার বিনিময় হার সংক্রান্ত ব্যাংক কর্তৃক প্রদত্ত সনদপত্র
(ঘ) আমদানিতব্য আয়নায়নকারী বিকিরণ উৎস/বিকিরণ উৎপাদনকারী যন্ত্রপাতি আমদানির নিমিত্তে ব্যাংক থেকে প্রদত্ত এল-সি এর কপি
(ঙ) আমদানিতব্য আয়নায়নকারী বিকিরণ উৎস/বিকিরণ উৎপাদনকারী যন্ত্রপাতির ক্যাটালগ
(চ) ISO/IEC এর মান অনুযায়ী এক্স-রে মেশিন তৈরী হয়েছে কিনা সে বিষয়ে রপ্তানীকারক দেশের Standard Institute/Competent Authority কর্তৃক প্রদানকৃত Type Approval Certificate /Inspection Report এর কপি
(ছ) পূর্বে পারমিটের মাধ্যমে আমদানিকৃত এক্স-রে /সিটি/মোমোগ্রাফী ইত্যাদি মেশিনসমূহ যে সকল প্রতিষ্ঠানের নিকট বিক্রয় করা হয়েছে তাদের পূর্ণ ঠিকানা
- ৫। প্রফর্ম্যা ইনভয়েস এবং এল/সিতে উল্লেখিত যন্ত্রপাতির বিবরণগত টাকার পরিমাণ অবশ্যই একই হতে হবে। এক্ষেত্রে কোন গরমিল পরিলক্ষিত হলে আমদানি পারমিট প্রদান করা হবেনা।
- ৬। আমদানিতব্য আয়নায়নকারী বিকিরণ উৎস/বিকিরণ উৎপাদনকারী যন্ত্রপাতি বন্দর থেকে খালাস করার কমপক্ষে একমাস পূর্বে পারমিটের জন্য যথাযথ তথ্যাদিসহ আবেদন করতে হবে। স্মরণ করা যেতে পারে যে, অসম্পূর্ণ তথ্য, প্রয়োজনীয় কাগজপত্রের অভাব, অসম্পূর্ণ আবেদনপত্র ইত্যাদির ক্ষেত্রে পারমিট প্রদানের জন্য প্রক্রিয়া দীর্ঘায়িত হতে পারে।
- ৭। আমদানিতব্য আয়নায়নকারী বিকিরণ উৎস/বিকিরণ উৎপাদনকারী যন্ত্রপাতি নিজস্ব প্রতিষ্ঠানে ব্যবহার করতে চাইলে একই সঙ্গে অবশ্যই ব্যবহারিক লাইসেন্স (গ-শ্রেণী/ক-শ্রেণীর) জন্য আবেদন করতে হবে (নিয়মাবলী সংযুক্ত)

উপরোক্ত বিষয়ে আরো অতিরিক্ত তথ্য/ব্যাখ্যার প্রয়োজন হলে উল্লেখিত ঠিকানায় যোগাযোগ করা যেতে পারে এবং যথাযথ অর্থায়নপত্র ছাড়া কোন আবেদন পত্র গ্রহণ করা হবে না।

চেয়ারম্যান

বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

ই-১২/এ, আগারগাঁও, শেরে বাংলা নগর

ডাক বাস্তু নং-২৪০, ঢাকা-১২০৭

স্বাক্ষর - ০২-৮১৮১০৬৭